

ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক পিএলসি (ইউসিবি)

নারায়ণগঞ্জ শাখা।

অর্থঋণ আদালত আইন ২০০৩ এর ১২ ধারা মোতাবেক বন্ধকী সম্পত্তি নিলাম বিক্রয়ের বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাইতেছে যে, জনাব আলহাজ মোঃ মোজাহিদুল ইসলাম, স্বত্বাধিকারী; পিতাঃ আলহাজ মোঃ আব্দুল খালেক; বর্তমান ও স্থায়ী ঠিকানাঃ ৮০ প্রিতম ভিলা, গ্রাম/রাস্তাঃ উত্তর মাসদাইর ডাকঘরঃ নারায়ণগঞ্জ ১৪০০। হিসাবের নামঃ প্রিতম ফ্যাশন ওয়্যার, ব্যবসায়িক ঠিকানা- এ-৯১ বিসিক হোসিয়ারি শিল্প নগরী শাসনগাও, ফতুল্লা, নারায়ণগঞ্জ। কর্তৃক ইউসিবি, নারায়ণগঞ্জ শাখা হইতে গৃহীত ঋণের জামানত হিসাবে নিম্ন তফসিলে বর্ণিত সম্পত্তি ও তদুপরিস্থিত স্থাপনাদি (যদি থাকে) রেজিস্ট্রিকৃত বন্ধকী দলিলমূলে ব্যাংকের নিকট বন্ধক রাখা আছে এবং রেজিস্ট্রিকৃত দলিলমূলে আদালতের আদেশ ছাড়াই উহা বিক্রয়ের ক্ষমতা ব্যাংককে প্রদান করা আছে। ঋণগ্রহীতা মঞ্জুরীপত্রের শর্ত মোতাবেক ঋণ পরিশোধ না করায় বিগত ৩১.০১.২০২৬ ইং তারিখ পর্যন্ত ব্যাংকের পাওনা মোট ১৫,৭২,০৪,০৯৪.২০ টাকা (পনের কোটি বাহাঙর লক্ষ চার হাজার চুরানব্বই টাকা বিশ পয়সা) সহ অন্যান্য আনুসঙ্গিক খরচ ও আদায়কালতক সুদ আদায়ের নিমিত্ত নিম্ন তফসিলভুক্ত সম্পত্তি যেখানে যে অবস্থায় আছে সেই অবস্থায় নিলামে বিক্রয়ের জন্য আগ্রহী ক্রেতাদের নিকট হইতে সাদা কাগজে/প্যাডে স্থায়ী ঠিকানাসহ পূর্ণাঙ্গ ঠিকানা উল্লেখ পূর্বক সীলমোহরকৃত দরপত্র আহবান করা যাইতেছে।

বন্ধকী সম্পত্তির তফসিল-১

জেলা- নারায়ণগঞ্জ, থানা ও সাব রেজিষ্ট্রি অফিস- ফতুল্লা, মৌজা- হরিহরপাড়া, প্লট নং- হোসিয়ারি ইন্ডাস্ট্রিয়াল এস্টেট বিসিক এর ব্লক-এ এর ৯১ নং। জমির আয়তন-৩৫০০ বর্গফুট, সাত তলা ভবন এবং তার উপর সকল ধরনের কাঠামো। যাহার চৌহদ্দী-উত্তরে- প্লট নং এ-৯০, দক্ষিণে- প্লট নং এ-৯২ পূর্বে-রাস্তা পশ্চিমে- প্লট নং এ-৮৫। সাফ কবলা দলিল নং ৮৭৬৩ তারিখঃ ২০-০৬-২০১০ ইং।

বন্ধকী সম্পত্তির তফসিল-২

জেলা-নারায়ণগঞ্জ, থানা ও সাব রেজিষ্ট্রি অফিস-ফতুল্লা, মৌজা-হরিহরপাড়া, জে. এল নং- সি.এস- ১৬৬, এস.এ-৪২, আর.এস-৩১ খতিয়ান নং-সি.এস-২৯১ এস.এ-২৭৪ আর.এস-৩২৬ দাগ নং- সি.এস. ও এস.এ-৪৯৮, আর.এস-৬০০ মিউন্টেশন খতিয়ান নং- ২৯১১, জোত নং-২৯১০, মোট জায়গা-০৯ শতাংশ; যাহার চৌহদ্দী- উত্তরে-রাস্তা (প্রস্তাবিত ১৫ ফিট রাস্তা)/মুক্তার হোসেন গং, দক্ষিণে-মুক্তার হোসেন গং, পূর্বে-মোঃ সিরাজ গং, পশ্চিমে- মুক্তার হোসেন গং।

নিলামের শর্তাবলী :-

১। আগামী ০৬/০৪/২০২৬ ইং তারিখ বিকাল ৩.৩০ ঘটিকার মধ্যে ইউসিবি পিএলসি, নারায়ণগঞ্জ শাখায় রক্ষিত বাক্সে সরাসরি অথবা রেজিস্ট্রিকৃত ডাকযোগে দরপত্র জমা দিতে হইবে এবং ঐ দিনই ৪.০০ ঘটিকার সময় দরপত্র দাতাদের সামনে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র খোলা হইবে।

২। প্রত্যেক দরপত্রদাতাকে উদ্ধৃত দর অনূর্ধ্ব ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা হইলে উহার ২০%, উদ্ধৃত দর ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক এবং অনূর্ধ্ব ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা হইলে উহার ১৫%, এবং উদ্ধৃত দর ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক হইলে উহার ১০% এর সমপরিমাণ টাকার ব্যাংক ড্রাফট বা পে-অর্ডার জামানত স্বরূপ ইউসিবি, নারায়ণগঞ্জ শাখার অনুকূলে দরপত্রের সহিত দাখিল করিতে হইবে।

৩। অনূর্ধ্ব ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকার উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৩০ (ত্রিশ) দিবসের মধ্যে, ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক এবং অনূর্ধ্ব ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকার উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৬০ (ষাট) দিবসের মধ্যে, এবং ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকার অধিক উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৯০ (নব্বই) দিবসের মধ্যে দরদাতাকে সমুদয় মূল্য পরিশোধ করিতে হইবে তাহা করিতে ব্যর্থ হইলে জামানতের টাকা বাজেয়াপ্ত হইবে। প্রথম সর্বোচ্চ দরপত্রদাতার জামানত বাজেয়াপ্ত হইলে ব্যাংক কর্তৃপক্ষ দ্বিতীয় সর্বোচ্চ দরপত্রদাতাকে সম্পত্তি ক্রয়ে আহবান করিতে পারিবেন।

৪। দরদাতাগণ তফসিলভুক্ত এক বা একাধিক ক্রমিকের সম্পত্তির জন্য দরপত্র দাখিল করিতে পারিবেন, তবে একই ক্রমিকের সম্পত্তির আংশিক এর জন্য দরপত্র গ্রহণযোগ্য হইবেনা।

৫। দাখিলকৃত দরপত্রে সম্পত্তির প্রস্তাবকৃত মূল্য অস্বাভাবিকভাবে অপরিাপ্ত বা কম প্রতীয়মান হইলে নিম্নস্বাক্ষরকারী উক্ত দর প্রস্তাব অগ্রাহ্য করিতে পারিবেন।

৬। ব্যাংক কর্তৃপক্ষ সফল দরদাতার অনুকূলে নিলামকৃত সম্পত্তি রেজিষ্ট্রি দলিলমূলে হস্তান্তর করিবেন। তবে দলিল রেজিষ্ট্রি সংক্রান্ত যাবতীয় খরচ যেমন- রেজিষ্ট্রেশন ফি, স্ট্যাম্প ডিউটি, বিবিধ ব্যয়সহ অন্যান্য প্রযোজ্য শুল্ক প্রভৃতি এবং উহার উপর কোন সরকারী, আধা-সরকারী, স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানের যথা- সিটি কর্পোরেশন/পৌরসভা, ওয়াসা, ডেসা/ডেসকো, গ্যাস সরবরাহকারী প্রতিষ্ঠান, ভূমিকর ইত্যাদী সহ যে কোন পাওনাদারের পাওনা বা দাবী থাকিলে তাহা সফল দরদাতাকেই বহন করিতে হইবে।

৭। দরপত্র জমা দেওয়ার পর বিক্রয় প্রস্তাবিত সম্পত্তির আকার, প্রকার, অবস্থান, স্বত্ব/স্বত্ত্বের দলিল ইত্যাদী সম্পর্কে কোন প্রকার আপত্তি গ্রহণযোগ্য হইবে না।

৮। দরপত্রের মাধ্যমে নিলামে অংশগ্রহণে ইচ্ছুক ব্যক্তিগণ বিস্তারিত তথ্য অবগত হইবার জন্য নিম্নস্বাক্ষরকারীর অফিসে যোগাযোগ করিতে পারিবেন।

৯। ব্যাংক কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকেই যে কোন দরপত্র গ্রহন বা সকল দরপত্র বাতিল করিবার ক্ষমতা সংরক্ষন করিবেন।

ব্যবস্থাপক, ইউসিবি, নারায়নগঞ্জ শাখা।